

5th India-Malaysia Foreign Office Consultations (FOC)

April 12, 2022

পঞ্চম ভারত-মালয়েশিয়া বিদেশ দপ্তর পরামর্শ (এফওসি)

এপ্রিল 12, 2022

ভারত সরকারের বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী সৌরভ কুমার, মালয়েশিয়ার পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের দ্বিপাক্ষিক বিষয়ক ডেপুটি সেক্রেটারি জেনারেল হিজ এম্বেলেম্ভি দাতো আমরন বিন মহম্মদ জিন-এর সাথে যুগ্মভাবে 12ই এপ্রিল 2022 তারিখে মালয়েশিয়ার পুত্রাজায়াতে ভারত ও মালয়েশিয়ার মধ্যে পঞ্চম বিদেশ দপ্তর পরামর্শ (দ্বিপাক্ষিক পরামর্শ)-এর পৌরোহিত্য করেছেন।

2. সচিব(পূর্ব) তার সফরকাল মালয়েশিয়ার বিদেশমন্ত্রী হিজ এম্বেলেম্ভি দাতো শ্রী সৈফুদ্দিন আবদুল্লাহ সাথেও সৌজন্য সাক্ষাৎ করেছেন এবং ভারত-মালয়েশিয়া দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে মত বিনিময় করেছেন।

3. বিদেশ দপ্তর পরামর্শের সময়ে ভারত এবং মালয়েশিয়ার মধ্যে বহুমুখী সম্পর্কের পর্যালোচনা করার সময় উভয় পক্ষ 2015 -র বর্ধিত কৌশলগত অংশীদারিত্বের পরিকাঠামোর মধ্যে সামগ্রিক দ্বিপাক্ষিক সম্পর্কে এগিয়ে নিয়ে যাবার জন্য তাদের আকাঙ্ক্ষাকে ব্যক্ত করেছেন। পররাষ্ট্র দফতরের পরামর্শগুলি দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করার এবং পারস্পরিক স্বার্থের সমসাময়িক আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলিতে মতামত বিনিময় করার সুযোগ প্রদান করে।

4. উভয় পক্ষই ক্রমবর্ধমান অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্কের উপর সন্তোষ ব্যক্ত করেছে এবং বিস্তৃত ক্ষেত্রে সহযোগিতাকে আরও জোরদার করার জন্য উভয় পক্ষের যৌথ অঙ্গীকারকে বিবেচনায় নিয়ে কোভিড-পরবর্তী সময়ে সম্পর্কের দ্রুত পুনরুজ্জীবনের আশা প্রকাশ করেছে।

5. উভয় পক্ষ বিভিন্ন সেক্টরে দ্বিপাক্ষিক প্রক্রিয়া পুনরায় সক্রিয় করার জন্য এবং

পারস্পরিক সুবিধাজনক তারিখে অনুষ্ঠিতব্য পরবর্তী মন্ত্রী পর্যায়ের যৌথ কমিশন সভায় ফলাফল উপস্থাপনের জন্য কাজ করতে সম্মত হয়েছে।

6. এই বছর কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 65 বছর পূর্তি হওয়ায়, উভয় পক্ষই ভারত এবং মালয়েশিয়া উভয় ক্ষেত্রেই উপযুক্ত পদ্ধতিতে স্মারক অনুষ্ঠান আয়োজনে সম্মত হয়েছে।

7. পারস্পরিক সুবিধাজনক এক তারিখে পরবর্তী এফওসি নিউ দিল্লিতে আয়োজন করার জন্য সম্মত হওয়া গেছে।

নিউ দিল্লি

এপ্রিল 12, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.